কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

**"কৃষি ভবন"**

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৬০(৩৫) তারিখ ঃ ২৫/০৮/২০১১ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ০৮/০৮/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্যবিবরণী।**

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৮/০৮/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।**

(মোঃ শাহ্ আলম)
সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি
কৃষি মন্ত্রণালয়
ও
মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা
Email: gmseed@badc.gov.bd
ফোন ঃ ৯৫৫২৩১৭

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৯। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১০। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১১। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাদিরগঞ্জ, আমবাগান, রাজশাহী-৬২০২।
১৪। মহাব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৫। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ কগ্রো/সিডিপি ক্রপস্), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক (ডাল ও তৈলবীজ/বীআমক/বীউ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, ১৭/১ লেক সার্কাস, এ্যাপার্টমেন্ট নং-৩এ (৪র্থ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

**সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৭। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ০৮/০৮/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৫৭তম সভা ০৮/০৮/২০১১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫১২, ভবন নং-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব কাজী আখতার হোসেন সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট-চ তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। এরপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা জনাব মোঃ শাহ্ আলমকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি সভায় উপস্থাপন করেন ঃ

**আলোচ্য সূচী ১ ঃ ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার কার্য বিবরণী অনুমোদন।**

মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৪৬২ তারিখ ঃ ২২/০৫/২০১১ মোতাবেক ৫৬তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। কার্যবিবরণীর বিষয়ে অদ্যাবধি কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, সভাপতি মহোদয় ৫৬তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী, সংযোজন ও বিয়োজন না থাকলে উহা অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

পরবর্তীতে সভায় কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে ৫৬তম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ২ ঃ ০৯/০৫/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৬তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব ৫৬তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সীড প্রমোশন কমিটির ৫৬তম সভায় ৪টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **বিষয় ঃ ২০১১-১২ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>(১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ৩,৬৪২ মে.টন ভিত্তি, ৪২২৫ মে.টন প্রত্যায়িত এবং ২৩৭৬৩ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৩১,৬৩০ মে.টন (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ৩,০০০ মে.টন সহ) আমন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ** | (১) বিএডিসি ২০১১-১২ বর্ষে খামারের মাধ্যমে ২৩টি জাতের মোট ৩,৭১২ মে.টন ভিত্তি শ্রেণীর আমন বীজ উৎপাদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া খামার ও চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১১টি জাতের ৪,২২৫ মে.টন প্রত্যায়িত এবং ২২টি জাতের মোট ২৩,৭৬৩ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন ধান বীজ উৎপাদন কার্যক্রম চলছে। অর্থাৎ সর্বমোট ৩১,৭০০ (৩৭১২+৪২২৫+২৩৭৬৩) মে.টন আমন ধান বীজ উৎপাদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে মূল জমিতে চারা রোপণের কাজ চলছে।<br>সদস্য সচিব সভায় জানান যে, চলতি ২০১১-১২ আমন বীজ বিতরণ মৌসুম প্রায় শেষ পর্যায়ে বিধায় সর্বোচ্চ ১৯,০০০ মে.টন আমন ধান বীজ বিক্রি করা সম্ভব হবে। তিনি আরও উল্লেখ করেন যে, যেহেতু ২০০৯-১০ এবং ২০১০-১১ বর্ষে ১৯,০০০ থেকে ২০,০০০ মে.টনের বেশী আমন বীজ বিক্রি করা সম্ভব হয়নি, তাই বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে আমন ধান বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা ৩১,৬৩০ মে.টন থেকে কমিয়ে পুনঃনির্ধারণ করার বিষয়টি বিবেচনার জন্য সভায় অনুরোধ জানান।<br>এ পর্যায়ে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয় সভায় অভিমত ব্যক্ত করেন যে, যেহেতু বিগত বছরগুলোতে বিএডিসি'র মাধ্যমে আমন ধান বীজ ২০,০০০ মে.টনের বেশী বিক্রয় করা সম্ভব হয়নি সেহেতু আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ বিষয়টি বিবেচনা করে চলতি মৌসুমের জন্য ২২,০০০ মে.টন আমন ধান বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। এছাড়া ব্রিধান-৪১, ব্রিধান-৫১, ব্রিধান-৫২ ও বিনাধান-৭ জাতসমূহ সম্প্রসারণসহ ভবিষ্যতে কৃষকদের চাহিদা এবং বীজের মূল্য নির্ধারণকালে স্থানীয় বাজার মূল্যের বিষয়টি বিবেচনায় নেয়ার জন্য গুরুত্বারোপ করেন। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | | তিনি আরো উল্লেখ করেন যে, বীজ বিতরণ মৌসুমে বীজের মূল্য একাধিকবার নির্ধারণ করা সমীচীন হবে না। এক্ষেত্রে স্থানীয় বাজার মূল্য এবং কৃষকদের ক্রয়ক্ষমতা গুরুত্বসহকারে বিবেচনায় রেখে বীজের বাস্তবসম্মত বিক্রয় মূল্য নির্ধারণ করা দরকার।<br>এ পর্যায়ে সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি মহোদয় সভায় উল্লেখ করেন যে, বীজের ক্রয়মূল্যের সাথে বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ খরচ এবং বীজ ডিলার কমিশন সম্পৃক্ত করে বীজের বিক্রয় মূল্য নির্ধারণ করা হয়ে থাকে।<br>সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যের মতামত বিবেচনায় নিয়ে বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা ৩১,৬৩০ মে.টনের পরিবর্তে ২২,০০০ মে.টন পুনঃনির্ধারণ (পরিশিষ্ট-ঙ) এবং বাস্তবতার আলোকে বাজার দরের সাথে সঙ্গতি রেখে বীজের মূল্য নির্ধারণ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। সেক্ষেত্রে অর্থের ঘাটতি দেখা দিলে ঘাটতিকৃত অর্থ সমন্বয়ের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের পরামর্শ রাখেন। |
| | (২) ২০১১-১২ বর্ষে 'ব্রি' ১৯টি জাতের ১৮,৪১৫ কেজি, বিনা ৩টি জাতের ৩,৮৭০ কেজি এবং বশেমুরকৃবি ১টি জাতের ১০০০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্বঃ ব্রি, বিনা ও বশেমুরকৃবি** | (২) ২০১১-১২ বর্ষে বিএডিসি'র মৌল বীজের চাহিদার বিপরীতে 'ব্রি' ১৯টি জাতের ১৩৬১০ কেজি, বিনা ৩টি জাতের ১১৫০ কেজি এবং 'বশেমুরকৃবি' ১টি জাতের ১০০০ কেজি সহ মোট ১৫৭৬০ কেজি মৌল বীজ সরবরাহ করেছে। |
| | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে।<br>**দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে আমন মৌসুমে ২৩,৪০০টি প্রদর্শনী প্লট স্থাপন ও বাস্তবায়নের পদক্ষেপ নিয়েছে মর্মে টেলিফোনে জানা যায়। |
| | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় আমন বীজ বিক্রয়ের জন্য বেতার, টিভি ও সংবাদপত্রসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে।<br>**দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস** | (৪) কৃষি তথ্য সার্ভিস গৃহীত কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বেতার, টিভি, সংবাদপত্র এবং কৃষিকথা পত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করছে। |
| | **বিষয় ঃ ২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>বিএডিসি 'বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ১০০ মে.টন বিআর-২২, ১৪০০মে.টন বিআর-২৩,৫৫০ মে.টন ব্রিধান-৩০, ১৫০ মে.টন ব্রিধান-৩২, ৩৫০ মে.টন ব্রিধান-৪০, ৫০ মে.টন ব্রিধান-৪১, ২০০ মে.টন ব্রিধান-৪৬, ৮০ মে.টন বিনাশাইল এবং ১২০ মে.টন নাইজারশাইল জাত সহ সর্বমোট ৩,০০০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্বঃ বিএডিসি** | বিএডিসি বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে ২০১১-১২ বর্ষে ৯টি জাতের মোট ৩,০০০ মে.টন আমন বীজ উৎপাদন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জমিতে চারা রোপণের কাজ চলছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | বিষয় ঃ ২০১১-১২ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।<br>সিদ্ধান্ত ঃ<br>**৫.১ ডালবীজ ঃ**<br>**৫.১.১ মুগ বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ১৪০ মে.টন ভিত্তি এবং ৩৫৫ মে.টন মানঘোষিতসহ মোট ৪৯৫ মে.টন মুগ বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে ২০১১-১২ বর্ষে খরিপ-২ মৌসুমে ৫.০ মে.টন ভিত্তি ও ১০ মে.টন মানঘোষিত মুগবীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাঠে বীজ বপন কাজ চলছে। অবশিষ্ট ১৩৫ মে.টন ভিত্তি ও ৩৪৫ মে.টন মানঘোষিত মুগবীজ উৎপাদন কার্যক্রম খরিপ-১ মৌসুমে গ্রহণ করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ২৮০০ কেজি বারিমুগ-৬, ১৮০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭, ১৮০ কেজি বিনামুগ-৮, ৬০০ কেজি বিউইউমুগ-৪ জাতসহ মোট ৫,৫৮০ কেজি মৌলবীজ বারি, বিনা ও বিইউ কর্তৃক বিএডিসি'কে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি, বিনা ও বশেমুরকৃবি** | ২) বিএডিসি'র মাধ্যমে বারি'র নিকট ২৮০০ কেজি বারিমুগ-৬, বিনা'র নিকট ১৮০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭ ও ১৮০ কেজি বিনামুগ-৮ এবং বশেমুরকৃবি'র নিকট ৬০০ কেজি বিউইউমুগ-৪ জাতের মৌল মুগবীজ সরবরাহের জন্য অনুরোধ জানানো হয়েছে। মৌসুম শুরুর প্রাক্কালে চাহিত মৌল শ্রেণীর মুগবীজ সরবরাহ করা হবে মর্মে গবেষণা প্রতিষ্ঠান হতে অবহিত করা হয়েছে। |
| | ৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ অধিক ফলনশীল, বৃষ্টি সহনীয়, একসাথে কর্তন ও সংগ্রহযোগ্য মুগ বীজের জাত উদ্ভাবনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সেই সাথে ডিএই কৃষক পর্যায়ে নতুন জাতগুলোর সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে।<br>**দায়িত্ব ঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | ৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ মুগ বীজের জাত উদ্ভাবন ও ডিএই কর্তৃক কৃষক পর্যায়ে নতুন জাত সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে জানা গেছে। |
| | **৫.১.২ মসুর বীজ ঃ**<br>১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে বিভিন্ন জাতের ১১০ মে.টন ভিত্তি এবং ৩৯০ মে.টন মানঘোষিত বীজ সহ মোট ৫০০ মে.টন মসুর বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে ২০১১-১২ বর্ষে সীড প্রমোশন কমিটির নির্ধারিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী ১১০ মে.টন ভিত্তি ও ৩৯০ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ৫০০ মে.টন মসুর বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে গ্রহণ করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ৫০০ কেজি বারিমসুর-৩, ১৫০০ কেজি বারিমসুর-৪, ৪০০ কেজি বারিমসুর-৫ ও ১৬০০ কেজি বারিমসুর-৬ সহ মোট ৪০০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক এবং ২০০ কেজি বিনামসুর-২ ও ২০০ কেজি বিনামসুর-৩ সহ মোট ৪০০ কেজি মৌলবীজ বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ২) বিএডিসি'র মাধ্যমে বারি'র নিকট ৫০০ কেজি বারিমসুর-৩, ১৫০০ কেজি বারিমসুর-৪, ৪০০ কেজি বারিমসুর-৫ ও ১৬০০ কেজি বারিমসুর-৬ এবং বিনার নিকট ২০০ কেজি বিনামসুর-২ ও ২০০ কেজি বিনামসুর-৩ জাতের মৌল মসুরবীজ সরবরাহের জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>মৌসুম শুরুর প্রাক্কালে চাহিত মৌল শ্রেণীর মসুরবীজ সরবরাহ করা হবে মর্মে বারি ও বিনা কর্তৃক অবহিত করা হয়েছে। |
| | **৫.১.৩ ছোলা বীজ ঃ**<br>১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ভিত্তি ৩০.০০ মে.টন ও মানঘোষিত ৬০.০০ মে.টন সহ মোট ৯০.০০ মে.টন ছোলা বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ৩০ মে.টন ভিত্তি ও ৬০ মে.টন মানঘোষিত শ্রেণীর ছোলা বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ৭৭৫ কেজি বারিছোলা-৫, ২৬০ কেজি বিনাছোলা-৪, ২০০ কেজি বিনাছোলা-৫ এবং ৫২০ কেজি বিইউছোলা-১ জাত সহ মোট ১৭৫৫ কেজি মৌলবীজ বারি, বিনা ও বশেমুরকৃবি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি, বিনা ও বশেমুরকৃবি** | ২) বিএডিসি'র মাধ্যমে বারি'র নিকট ৭৭৫ কেজি বারিছোলা-৫, বিনা'র নিকট ২৬০ কেজি বিনাছোলা-৪ ও ২০০ কেজি বিনাছোলা-৫ এবং বশেমুরকৃবি'র নিকট ৫২০ কেজি বিইউছোলা-১ জাতের মৌল ছোলাবীজ সরবরাহের জন্য অনুরোধ করা হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **৫.১.৪ মাসকলাই বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২০ মে.টন ভিত্তি ও ২০০ মে.টন মানঘোষিত সহ মোট ২২০ মে.টন মাসকলাই বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ২০ মে.টন ভিত্তি ও ২০০ মে.টন মানঘোষিত শ্রেণীর মাসকলাই বীজ উৎপাদন কর্মসূচি খরিফ-২ মৌসুমে গ্রহণ করা হয়েছে। বীজ বপন কাজ চলছে। |
| | ২) ২০১১-১২ বর্ষে বারিমাস-৩ জাতের ৯৬০ কেজি মৌল বীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি** | ২) বারি কর্তৃক বারিমাস-৩ জাতের ৯৬০ কেজি মৌল বীজ সরবরাহ করা হয়েছে। |
| | **৫.১.৫ খেসারী বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১০-১১ বর্ষে বারি উদ্ভাবিত ২টি (বারিখেসারী-১ ও ২) এবং বিনা'র ১টি (বিনাখেসারী-১) জাতের মোট ৩০ মে.টন ভিত্তি ও ১১০ মে.টন মানঘোষিত সহ মোট ১৪০ মে.টন খেসারী বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি, বারি ও বিনা** | ১) বিএডিসি'র ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে ২০১১-১২ বর্ষে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ মে.টন ভিত্তি ও ১১০ মে.টন মানঘোষিতসহ ১৪০ মে.টন খেসারী বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে বারিখেসারী-১ ও বারিখেসারী-২ জাতের মোট ৭২০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ৭২০ কেজি মৌলবীজ যথাক্রমে বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি ও বিনা** | ২) বিএডিসিকে বারিখেসারী-১ ও বারিখেসারী-২ জাতের ৭২০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ৭২০ কেজি মৌল খেসারী বীজ সরবরাহ করবে মর্মে অবহিত করা হয়েছে। |
| | **৫.১.৬ মটর বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ৪৫ মে.টন মানঘোষিত বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ ৪৫ মে.টন মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে বিএডিসি'র নিজস্ব মজুদ হতে বিএডিসি মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর বীজ ব্যবহার করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ২) বিএডিসি'র নিজস্ব মজুদ হতে বিএডিসি মটর-১ জাতের মানঘোষিত শ্রেণীর মটর বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ করা হবে। |
| | **৫.১.৭ ফেলন বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২বর্ষে ১০ মে.টন ভিত্তি ও ৬৫ মে.টন মানঘোষিত সহ মোট ৭৫ মে.টন ফেলন বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ১০ মে.টন ভিত্তি ও ৬৫ মে.টন মানঘোষিত শ্রেণীর ফেলন বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে বারিফেলন-১ জাতের ৫০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি** | ২) বারি কর্তৃক বারিফেলন-১ জাতের ৫০০ কেজি মৌল ফেলন বীজ বিএডিসিকে সরবরাহ করবে মর্মে জানানো হয়েছে। |
| | **৫.২ তৈলবীজ ঃ** | |
| | **৫.২.১ সরিষা বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ১৬০ মে.টন ভিত্তি ও ৬৪০ মে.টন মানঘোষিত সহ মোট ৮০০ মে.টন সরিষা বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ১৬০ মে.টন ভিত্তি ও ৬৪০ মে.টন মানঘোষিত শ্রেণীর সরিষা বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ৩০০ কেজি সম্পদ, ৮০০ কেজি বারিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ৭০ কেজি বারিসরিষা-১৪, ২৫০ কেজি বারিসরিষা-১৫ এবং ৫০ কেজি বিনাসরিষা-৫ সহ মোট ১৫৭০ কেজি মৌলবীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি ও বিনা** | ২) বারি কর্তৃক ৩০০ কেজি সম্পদ, ৮০০ কেজি বারিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ৭০ কেজি বারিসরিষা-১৪, ২৫০ কেজি বারিসরিষা-১৫ এবং বিনা কর্তৃক ৫০ কেজি বিনাসরিষা-৫ জাতের মৌল সরিষা বীজ বিএডিসিকে সরবরাহ করবে মর্মে অবহিত করা হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **৫.২.২ চীনাবাদাম বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে বিভিন্ন জাতের ৩০ মে.টন ভিত্তি ও ১৮০ মে.টন মানঘোষিত সহ মোট ২১০ মে.টন চীনাবাদাম বীজ উৎপাদন সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ৩০ মে.টন ভিত্তি ও ১৮০ মে.টন মানঘোষিত শ্রেণীর চীনাবাদাম বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ৬০০ কেজি বারিবাদাম-৮, ২০০০ কেজি বিনাবাদাম-৪ জাত সহ মোট ২৬০০ কেজি মৌল বীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি ও বিনা** | ২) বারি কর্তৃক ৬০০ কেজি বারিবাদাম-৮ এবং বিনা কর্তৃক ২০০০ কেজি বিনাবাদাম-৪ জাতের মৌল চীনাবাদাম বীজ বিএডিসিকে সরবরাহ করবে মর্মে অবহিত করা হয়েছে। |
| | **৫.২.৩ সয়াবীন বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ৮০ মে.টন ভিত্তি ও ২৪০ মে.টন মানঘোষিত সহ মোট ৩২০ মে.টন সয়াবীন বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | বিএডিসি'র মাধ্যমে ৯ মে.টন ভিত্তি ও ১০ মে.টন মানঘোষিত শ্রেণীর সয়াবীন বীজ উৎপাদন কর্মসূচি খরিফ-২ মৌসুমে গ্রহণ করা হয়েছে। মাঠে বীজ বপন চলছে।<br>অবশিষ্ট ৭১ মে.টন ভিত্তি ও ২৩০ মে.টন মানঘোষিত শ্রেণীর সয়াবীন বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে গ্রহণ করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে খরিপ-২ মৌসুমে ৩১৫ কেজি সোহাগ, ২৫২ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২২০০ কেজি সোহাগ, ১৮৯০ কেজি বারিসয়াবীন-৫, ৩১৫ কেজি বারিসয়াবীন-৬ জাত সহ মোট ২০০ কেজি বিনাসয়াবিন-১, ২০০ কেজি বিনাসয়াবিন-২ জাত সহ মোট ৫৩৭২ কেজি মৌলবীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি** | ২) বারি কর্তৃক ৩১৫ কেজি সোহাগ, ২৫২ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২২০০ কেজি সোহাগ, ১৮৯০ কেজি বারিসয়াবীন-৫, ৩১৫ কেজি বারিসয়াবীন-৬ এবং বিনা কর্তৃক ২০০ কেজি বিনাসয়াবিন-১ ও ২০০ কেজি বিনাসয়াবিন-২ জাতের মৌল সয়াবীন বীজ বিএডিসিকে সরবরাহ করবে মর্মে জানানো হয়েছে। |
| | **৫.২.৪ সূর্যমুখী বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২ মে.টন ভিত্তি ও ১০ মে.টন মানঘোষিত সহ মোট ১২ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি'র মাধ্যমে ২ মে.টন ভিত্তি ও ১০ মে.টন মানঘোষিত শ্রেণীর সূর্যমুখী বীজ উৎপাদন কর্মসূচি রবি মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে কিরনী জাতের ২০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ২০ কেজি সহ মোট ৪০ কেজি মৌল বীজ বারি কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি** | ২) বারি কর্তৃক কিরনী জাতের ২০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ২০ কেজি মৌল সূর্যমুখী বীজ বিএডিসিকে সরবরাহ করা হবে মর্মে অবহিত করা হয়েছে। |
| | **৫.২.৫ তিল বীজ ঃ** | |
| | ১) বিএডিসি ২০১১-১২ বর্ষে ২০ মে.টন ভিত্তি ও ৭০ মে.টন মানঘোষিত সহ মোট ৯০ মে.টন তিল বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি** | বিএডিসি'র মাধ্যমে ২০ মে.টন ভিত্তি ও ৭০ মে.টন মানঘোষিত শ্রেণীর তিল বীজ উৎপাদন কর্মসূচি খরিফ-১ মৌসুমে জারী করা হবে। |
| | ২) ২০১১-১২ বর্ষে ২৪ কেজি বারিতিল-২, ১১৮ কেজি বারিতিল-৩, ২৪ কেজি বারিতিল-৪, ২৪ কেজি বিনাতিল-১ এবং ৫০ কেজি বিনাতিল-২ সহ মোট ২৪০ কেজি মৌল বীজ বারি ও বিনা কর্তৃক বিএডিসিকে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি ও বিনা** | ২) বারি কর্তৃক ২৪ কেজি বারিতিল-২, ১১৮ কেজি বারিতিল-৩, ২৪ কেজি বারিতিল-৪ এবং বিনা কর্তৃক ২৪ কেজি বিনাতিল-১ ও ৫০ কেজি বিনাতিল-২ জাতের মৌল তিলবীজ বিএডিসিকে সরবরাহ করবে মর্মে জানানো হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **বিষয় ঃ ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ মে.টন বীজআলু সংগ্রহোত্তর অনুমোদন।**<br>বিএডিসি কর্তৃক ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ মে.টন বীজআলুর সংগ্রহোত্তর অনুমোদন করা হলো।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>— | ২০১০-১১ উৎপাদন বর্ষে আবহাওয়া অনুকূলে থাকায় বীজআলু উৎপাদন ভাল হয় এবং ফলন বৃদ্ধি পায়। তাছাড়া বিএডিসি কর্তৃক সোনালী ব্যাংক লিঃ এর নিকট হতে টাঙ্গাইল জেলার ধনবাড়ী উপজেলাস্থ মালতী হিমাগার ক্রয়ের প্রেক্ষিতে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়। এ বাস্তবতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা ১৮০২৪ মে.টনের বিপরীতে মোট ২০৩৪১ মে.টন বীজআলু সংগ্রহ করা হয়। অর্থাৎ ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২৩১৭ (২০৩৪১ – ১৮০২৪) মে.টন বীজআলু সংগ্রহোত্তর যথাযথভাবে হিমাগারে সংরক্ষণ করা হয়। |

| ক্রমিক নং. | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | **২০১১-১২ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় জানান যে, বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের প্রস্তাবিত পিপি'র সংস্থান অনুযায়ী ২০১১-১২ বর্ষে বিভিন্ন জাত ও শ্রেণীর ৪৪ মে.টন মিনি টিউবার, ২১২ মে. টন ব্রিডার, ২৯২৮.০২৫ মে.টন ভিত্তি এবং ১৯৮৫১ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩০৪৫.০২৫ মে. টন বীজআলু উৎপাদনের পরিকল্পনা নেয়া হয়েছে।<br>কাজেই ২০১১-১২ বর্ষে বিএডিসি'র নিজস্ব খামারে ৪৪ মে.টন মিনি টিউবার, ২১২ মে. টন ব্রিডার, ২৯২৮.০২৫ মে.টন ভিত্তি, টিপিএস থেকে মানঘোষিত শ্রেণীর ৩৫ মে.টন সিডলিং টিউবার,পর্যবেক্ষনমূলক প্লটের মাধ্যমে ১০ মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৯৮১৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩,০৪৫.০২৫ (৪৪+২১২+২৯২৮.০২৫+৩৫+১০ + ১৯৮১৬) মে.টন বীজআলু উৎপাদন করা প্রয়োজন। | ২০১১-১২ বর্ষে ৪৪ মে.টন মিনি টিউবার, ২১২ মে. টন ব্রিডার, ২৯২৮.০২৫ মে.টন ভিত্তি, ৩৫ মে.টন সিডলিং টিউবার, পর্যবেক্ষণমূলক প্লটের মাধ্যমে ১০ মে.টন মানঘোষিত শ্রেণী এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৯৮১৬ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩,০৪৫.০২৫ (৪৪+২১২+২৯২৮.০২৫+৩৫ +১০+ ১৯৮১৬) মে.টন বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-'ক')। | বিএডিসি ও এসসিএ |
| ০৪ | **২০১১-১২ বর্ষে প্লান্টলেট দ্বারা মিনি টিউবার এবং মিনি টিউবার দ্বারা ব্রিডার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, ২০১১-১২ বর্ষে বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় আমলা খামারের ৮০,০০০ এবং ডোমার খামারের ৩,৬০,০০০ সহ মোট ৪,৪০,০০০ সংখ্যক প্লান্টলেট ব্যবহার করে মোট ৪৪ মে.টন মিনি টিউবার উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।<br>২০১০-১১ বর্ষে বিএডিসি'র উৎপাদিত ও সংগৃহীত ৭.৭৬ মে.টন ডায়মন্ট, ১.৫২ মে.টন কার্ডিনাল, ০.৩২ মে.টন এস্টারিক্স, ০.০৭ মে.টন কারেজ ও ৮.০০ মে.টন গ্রেনোলা জাতসহ মোট ১৭.৬৭ মে.টন মিনি টিউবার সংরক্ষিত আছে। তন্মধ্যে গ্রেনোলা জাতের বীজআলু কৃষক পর্যায়ে চাহিদা কম থাকায় ২০১১-১২ বর্ষে ১.৬৩৬ মে.টন মিনি টিউবার উৎপাদন কাজে ব্যবহার করা হবে। গ্রেনোলা জাতের অবশিষ্ট ৬.৩৬৪ মে.টন মিনি টিউবার বেসরকারি পর্যায়ে বীজ উৎপাদনের জন্য বিভিন্ন বীজ কোম্পানী কিংবা বিএডিসি'র বীজ ডিলারদের মাধ্যমে বিক্রয় করা হবে।<br>এ বাস্তবতায় ২০১১-১২ বর্ষে ১১.৩০৬ মে.টন মিনি টিউবার ব্যবহার করে ২১২.০০ মে.টন ব্রিডার বীজআলু উৎপাদন পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। | ২০১১-১২ বর্ষে ৪৪ মে.টন মিনি টিউবার এবং ২১২.০০ মে.টন ব্রিডার বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-খ)। | বিএডিসি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | ২০১১-১২ বর্ষে ব্রিডার বীজআলু এবং আমদানীতব্য বেসিক বীজ আলু দ্বারা ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, ২০১০-১১ বর্ষে টিসিআরসি'র উৎপাদিত ১০০ মে.টন ও বিএডিসি'র উৎপাদিত ২৮১.০৪৫ মে.টন সহ মোট ৩৮১.০৪৫ মে.টন ব্রিডার বীজআলু বিএডিসি'র নিকট সংরক্ষিত রয়েছে–যার দ্বারা ৪৫৮ একর জমিতে চাষাবাদের মাধ্যমে ৩২০৬ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন করা সম্ভব হবে। তন্মধ্যে ২০১১-১২ বর্ষে ৩৩৫ মে.টন ব্রিডার বীজ ৪১৮ একর জমিতে ব্যবহারের মাধ্যমে ২৯২৮ মে.টন ভিত্তি শ্রেণীর ব্রিডার বীজআলু উৎপাদন করা প্রয়োজন।<br>সদস্য সচিব আরো জানান যে, ২০১১-১২ বর্ষে আমদানীতব্য ৯০ মে.টন (৭৫ মে.টন এস্টারিক্স, ১০ মে.টন কারেজ ও ৫ মে.টন লেডিরোসেটা) বেসিক বীজআলু দ্বারা ১১২.৭৫ একর জমিতে ৭৮৮ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা রয়েছে। | ২০১১-১২ বর্ষে ২৯২৮ মে.টন ভিত্তি বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি |
| ০৬ | ২০১১-১২ বর্ষে চুক্তিবদ্ধ চাষী জোন এবং সংস্থার খামারে সিডলিং টিউবার ও পর্যবেক্ষণ প্লটের মাধ্যমে মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, ২০১০-১১ বর্ষে বিএডিসি'র মজুদকৃত বিভিন্ন জাতের ভিত্তি শ্রেণীর বীজআলু ব্যবহার করে ২০১১-১২ বর্ষে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৯৮১৬ মে.টন বীজআলু উৎপাদনের পরিকল্পনা রয়েছে।<br>এছাড়া সংস্থার খামারে বিএডিসি'র উৎপাদিত ও সংরক্ষিত টিপিএস ব্যবহার করে ৩৫ মে.টন সিডলিং টিউবার (মানঘোষিত) এবং পর্যবেক্ষণ প্লট স্থাপনের মাধ্যমে ১০ মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা রয়েছে।<br>কাজেই ২০১১-১২ বর্ষে সর্বমোট ১৯৮৬১ (১৯৮১৬+৩৫+১০) মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন করা প্রয়োজন। | ২০১১-১২ বর্ষে ১৯,৮১৬ মে.টন মানঘোষিত, ৩৫ মে.টন সিডলিং টিউবার এবং পর্যবেক্ষণ প্লট স্থাপনের মাধ্যমে ১০ মে.টনসহ মোট ১৯,৮৬১ (১৯৮১৬+৩৫+১০) মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি |
| ০৭ | ২০১১-১২ বর্ষে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) পিপি অনুযায়ী বিদেশ থেকে ৯০ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী। | সদস্য সচিব সভায় বলেন যে, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) পিপিতে ২০১১-১২ বর্ষে ১০০ মে.টন "বেসিক বীজআলু" আমদানীর সংস্থান রয়েছে। আগামী ২০১২-১৩ বর্ষে পিপি'র সংস্থান এবং বিএডিসি'র বীজআলুর উৎপাদন প্রক্ষেপন অনুযায়ী ২৪,০০০ মে.টন বীজআলু উৎপাদনের জন্য ৩৩৫ মে.টন ব্রিডার ও ২৭৮০ মে.টন ভিত্তি শ্রেণীর বীজের প্রয়োজন হবে। এছাড়া টিসিআরসি থেকে প্রতি বছরের ন্যায় ২০১১-১২ বর্ষে ১০০ মে.টন ব্রিডার শ্রেণীর বীজআলু পাওয়া যাবে।<br>এ বাস্তবতায় ২৯২৮ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদনের জন্য বিএডিসি'র মাধ্যমে ২০১১-১২ বর্ষে ৯০ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী করা দরকার।<br>এ লক্ষ্যে দেশের চাহিদা অনুযায়ী উচ্চ ফলনশীল, শিল্পে ব্যবহার ও রপ্তানী উপযোগী ৭৫ মে.টন এস্টারিক্স, ১০ মে.টন কারেজ ও ৫ মে.টন লেডিরোসেটা সহ মোট ৯০ (৭৫+১০+৫) মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানীর পরিকল্পনা নেয়া হয়েছে।<br>এ প্রস্তাবের প্রেক্ষিতে মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভায় পরামর্শ প্রদান করেন যে, শুধুমাত্র এস্টারিক্স জাতের ৭৫ মে.টন বেসিক বীজআলু আমদানীর উপর | ২০১১-১২ বর্ষে ৭৫ মে.টন এস্টারিক্স, ১০ মে.টন কারেজ, ৫ মে.টন লেডিরোসেটা, ২ মে.টন মেরিডিয়ান ও ৩ মে.টন সাগিতাসহ মোট ৯৫ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী করবে (পরিশিষ্ট-খ)। | বিএডিসি ও কৃষি মন্ত্রণালয় |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | নির্ভরশীল না হয়ে মেরিডিয়ান ও সাগিতা নতুন জাতের বীজআলু আমদানী ও উৎপাদন করা দরকার। এ প্রস্তাবের প্রেক্ষিতে এস্টারিক্স ৭৫ মে.টন, মেরিডিয়ান ২ মে.টন, সাগিতা ৩ মে.টন, কারেজ ১০ মে.টন, লেডিরোসেটা ৫ মে.টন সহ মোট ৯৫ মে.টন বেসিক বীজআলু আমদানীর ব্যাপারে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। | | |
| ০৮ | **২০১১-১২ বর্ষে টিপিএস উৎপাদন।** | সদস্য সচিব সভায় জানান যে, সংস্থার ডোমার খামারে প্রতি বছর টিপিএস (প্রকৃত আলু বীজ) উৎপাদনের পর চাষী পর্যায়ে বিতরণ করা হয়। পিপি'র সংস্থান অনুযায়ী ২০১১-১২ বর্ষে ২৫ কেজি টিপিএস উৎপাদনের পরিকল্পনা রয়েছে। | ২০১১-১২ বর্ষে ২৫ কেজি টিপিএস উৎপাদন করবে (পরিশিষ্ট-'ক') | বিএডিসি |
| ৯ | **২০১১-১২ বর্ষে টিসিআরসি হতে ১০০ মে.টন ব্রিডার বীজআলু সংগ্রহ।** | সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি'র খামারে আগামী ২০১২-১৩ বর্ষে ভিত্তি বীজআলু উৎপাদনের লক্ষ্যে ২০১১-১২ বর্ষে টিসিআরসি হতে ডায়মন্ট জাতের ৫০ মে.টন ও কার্ডিনাল জাতের ৫০ মে.টনসহ মোট ১০০ মে.টন ব্রিডার বীজআলু সংগ্রহ করা প্রয়োজন। | ২০১১-১২ বর্ষে টিসিআরসি হতে মোট ১০০ মে.টন (ডায়মন্ট ৫০ মে.টন+ কার্ডিনাল ৫০ মে.টন) ব্রিডার বীজআলু বিএডিসি সংগ্রহ করবে। | টিসিআরসি ও বিএডিসি |
| ১০ | **২০১১-১২ বর্ষে টিসিআরসি কর্তৃক ব্রিডার ও ভিত্তি বীজআলু এবং সিডলিং টিউবার ও টিপিএস উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | সদস্য সচিব সভায় জানান যে, ২০১১-১২ বর্ষে টিসিআরসি, বিএআরআই কর্তৃক ৯টি জাতের ২৮০ মে.টন (ডায়মন্ট ১৩০ মে.টন, কার্ডিনাল ৬৫ মে.টন, গ্রেনোলা ৫০ মে.টন, এস্টারিক্স ১৫ মে.টন, ফেলসিনা ৫ মে.টন, প্রভেন্টো ২ মে.টন, লেডিরোসেটা ৫ মে.টন, কারেজ ৫ মে.টন ও রাজা ৩ মে.টন) ব্রিডার শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।<br>এছাড়া ৭টি জাতের ৭২০ মে.টন (ডায়মন্ট ৩০০ মে.টন, কার্ডিনাল ১৭৫ মে.টন, গ্রেনোলা ১০০ মে.টন, এস্টারিক্স ১২৫ মে.টন, কারেজ ১৫ মে.টন ও পেট্রোনিস ৫ মে.টন) ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা নেয়া হয়েছে।<br>তাছাড়া টিসিআরসি কর্তৃক ২০১১-১২ বর্ষে বারি টিপিএস-১ ও বারি টিপিএস-২ জাত হতে ৫ মে.টন সিডলিং টিউবার এবং বারি টিপিএস-১ ও বারি টিপিএস-২ জাতের ৮ কেজি টিপিএস উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ২০১১-১২ বর্ষে টিসিআরসি কর্তৃক ২৮০ মে.টন ব্রিডার শ্রেণী এবং ৭২০ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন করবে।<br>তাছাড়া বারি টিপিএস-১ ও বারি টিপিএস-২ জাতের ৫ মে.টন সিডলিং টিউবার এবং ৮ কেজি টিপিএস উৎপাদন করবে (পরিশিষ্ট-গ)। | টিসিআরসি ও এসসিএ |
| ১১ | বিবিধঃ (ক) ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২০১.৫৮৪ মে.টন ডাল জাতীয় ফসলের বীজ সংগ্রহোত্তর অনুমোদন। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, গত ০৫/০৫/২০১০ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫২তম সভায় বিএডিসি'র ডাল ও তৈলবীজ প্রকল্পের মাধ্যমে ২০১০-১১ বর্ষে ১২২৫ মে.টন ডাল জাতীয় এবং ১২৭৫ মে.টন তৈল জাতীয় ফসলের বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।<br>তিনি সভায় জানান যে, প্রতিকূল আবহাওয়ার প্রতি তৈলবীজ ফসলের সংবেদনশীলতার কারণে ১০৯১.৮২৫ মে.টন তৈল জাতীয় ফসলের বীজ বিএডিসি'র মাধ্যমে সংগ্রহ ও সংরক্ষণ করা হয়। অর্থাৎ নির্ধারিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮৩.১৭৫ (১২৭৫.০০০−১০৯১.৮২৫) মে.টন তৈল জাতীয় ফসলের বীজ কম সংগৃহীত হয়েছে।<br>তিনি আরো জানান যে, আবহাওয়া অনুকূলে থাকায় নির্ধারিত উৎপাদন লক্ষ্যমাত্রার চেয়ে ২০১.৫৮৪ (১৪২৬.৫৮৪ − ১২২৫.০০০) মে.টন ডাল জাতীয় ফসলের বীজ অতিরিক্ত সংগ্রহ ও সংরক্ষণ করা হয়েছে−যা সংগ্রহোত্তর অনুমোদন প্রয়োজন। | ২০১০-১১ বর্ষে অতিরিক্ত ২০১.৫৮৪ মে.টন ডাল জাতীয় ফসলের বীজ সংগ্রহোত্তর অনুমোদন করা হলো (পরিশিষ্ট-ঘ)। | বিএডিসি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (খ) সীড প্রমোশন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রকাশনা। | সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার আলোচনা শেষে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সীড ফেডারেশন অব বাংলাদেশ এর সভাপতি জনাব মোঃ শাহজাহান আলী সভায় অভিমত ব্যক্ত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তরের সাথে বীজ কর্মকাণ্ড বিষয়ে আলোচনা, পর্যালোচনা, সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন, সীড প্রমোশন কমিটির কার্যবিবরণীর বিভিন্ন তথ্যাদির প্রয়োজনীয়তা রয়েছে। এই কার্যবিবরণীসমূহ একত্রিভূত আকারে সংরক্ষিত রাখা হলে দ্রুত তথ্য প্রাপ্তি সহজতর হবে। কাজেই এ পর্যন্ত অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ১ম থেকে ৫৭তম সভার কার্যবিবরণী একত্রিভূত করে বহি আকারে প্রকাশের উদ্যোগ নেয়া প্রয়োজন।<br>এ বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br>এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় সীড প্রমোশন কমিটির কার্যবিবরণী প্রকাশনার ব্যাপারে সদস্য সচিবকে অনুরোধ করেন। | সীড প্রমোশন কমিটির কার্যবিবরণী একত্রিত করে বহি আকারে প্রকাশের ব্যবস্থা নেয়া হবে। | কৃষি মন্ত্রণালয়, বিএডিসি ও সীড ফেডারেশন অব বাংলাদেশ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন-০২-৯৫৫২৩১৭

(কাজী আখতার হোসেন)
সভাপতি, সীড প্রমোশন কমিটি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়।

পরিশিষ্ট-ক

# ২০১১-১২ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্যপত্র

পরিমাণ ঃ মে. টন

| জাত | বীজআলুর বিতরণ (২০১০-১১) | | | | বীজআলুর মজুদ (২০১১-১২) | | | | ডিএই'র চাহিদা (২০১১-১২) | বীজআলুর উৎপাদন লক্ষ্যমাত্রা (২০১১-১২) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ব্রিডার | ভিত্তি | মানঘোষিত | মোট | ব্রিডার | ভিত্তি | মানঘোষিত | মোট | | মিনি টিউবার | ব্রিডার | ভিত্তি | মানঘোষিত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ডায়মন্ট | ১৮৪.৬৮ | ২৪১৬.৮৯ | ৬১৩৮.৩৩ | ৮৭৩৯.৯০ | ৯৯.১২ | ১৩৬৫.০৫ | ১২৩৮৫.৬৭ | ১৩৮৪৯.৮৪ | ১৫৮৬৭৯ | ১৯.০০ | ১৫৫.০০ | ১৩৯৩.০০ | ১০৪৩৩.০০ | ১২০০০.০০ |
| গ্রেনোলা | ১১০.২২ | ৪৮৪.৬০ | ৪১১৪.৫৭ | ৪৭০৯.৩৯ | ১৫২.৩২ | ৮১১.৪২ | ৯৪৮.০০ | ১৯১১.৭৪ | ১২৭৬০৯ | ৪.০০ | ১৫.০০ | ১৪১.০০ | ৮৪০.০০ | ১০০০.০০ |
| কার্ডিনাল | ৫৩.৩১ | ৩৯৭.৫২ | ২৬০৯.৯০ | ৩০৬০.৭৩ | ৪৬.৮৬ | ৫৩৩.১৪ | ২২৯৭.৮২ | ২৮৭৭.৮২ | ৫৫১৬৩ | ৯.০০ | ৩৫.০০ | ৬০২.০০ | ৪৩৫৪.০০ | ৫০০০.০০ |
| এস্টারিক্স | | ২০৭.৭৬ | ২০৬৬.০৯ | ২২৭৩.৮৫ | ০.৩২ | ১৪৮.৩৩ | ১২৬৩.৫৬ | ১৪১২.২১ | ৩০৪৬৯ | ৬.০০ | ৬.০০ | ৬৫৬.০০ | ৩৮৩২.০০ | ৪৫০০.০০ |
| কারেজ | | ৩৪.৪৬ | ৬৯.১১ | ১০৩.৫৭ | ০.০৭ | ৪৫.৪৪ | ২২০.০৮ | ২৬৫.৫৯ | | ৩.০০ | ১.০০ | ৯২.০০ | ২৮৪.০০ | ৩৮০.০০ |
| লেডিরোসেটা | | | | ০.০০ | | ১০.৮৮ | | ১০.৮৮ | | ৩.০০ | | ৪৪.০০ | ৭৩.০০ | ১২০.০০ |
| প্রভেন্টো | | | | ০.০০ | | | | ০.০০ | | | | | | ০.০০ |
| মূন্টা | | | | ০.০০ | | | | ০.০০ | ১৬৪৮৬ | | | | | ০.০০ |
| পেট্রোনিস | | | | ০.০০ | | | | ০.০০ | ৬৩৬২ | | | | | ০.০০ |
| রাজা | | | | ০.০০ | | | | ০.০০ | | | | | | ০.০০ |
| হীরা | | | | ০.০০ | | | | ০.০০ | | | | | | ০.০০ |
| অন্যান্য/স্থানীয় | | | | ০.০০ | | | | ০.০০ | ৬৫২৩২ | | | | | ০.০০ |
| সিডলিং টিউবার | | | ২৬.৪০ | ২৬.৪০ | | | ১২.৮৮ | ১২.৮৮ | | | | | ৩৫.০০ | ৩৫.০০ |
| পর্যবেক্ষণমূলক | | | | ০.০০ | | | | ০.০০ | | | | | ১০.০০ | ১০.০০ |
| টিপিএস | | ০.০১ | | ০.০১ | | | | ০.০০ | | | | ০.০২ | | ০.০২ |
| মোট ঃ | ৩৪৮.২১ | ৩৫৪১.২৪ | ১৫০২৪.৪০ | ১৮৯১৩.৮৫ | ২৯৮.৬৯ | ২৯১৪.২৬ | ১৭১২৮.০১ | ২০৩৪০.৯৬ | ৪৬০০০০.০০ | ৪৪.০০ | ২১২.০০ | ২৯২৮.০২ | ১৯৮৬১.০০ | ২৩০৪৫.০২ |

(মুসতাক আহমেদ)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মুহাঃ আজহারুল ইসলাম)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ শাহ্ আলম)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

# ২০১১-১২ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্যবিবরণী

(১) ২০১১-১২ বর্ষে প্লান্টলেট দ্বারা জাতওয়ারী মিনি টিউবার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ

| ক্রঃ নং | খামারের নাম | ডায়মন্ট | | কার্ডিনাল | | গ্রেনোলা | | এস্টারিক্স | | কারেজ | | লেডিরোসেটা | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) |
| ১ | আমলা | ৬০০০০ | ৬.০০০ | ১০০০০ | ১.০০০ | | | ১০০০০ | ১.০০০ | | | | | ৮০০০০ | ৮.০০০ |
| ২ | ডোমার | ১৩০০০০ | ১৩.০০০ | ৮০০০০ | ৮.০০০ | ৪০০০০ | ৪.০০০ | ৫০০০০ | ৫.০০০ | ২৫০০০ | ২.৫০০ | ৩৫০০০ | ৩.৫০০ | ৩৬০০০০ | ৩৬.০০০ |
| | মোট ঃ | ১৯০০০০ | ১৯.০০০ | ৯০০০০ | ৯.০০০ | ৪০০০০ | ৪.০০০ | ৬০০০০ | ৬.০০০ | ২৫০০০ | ২.৫০০ | ৩৫০০০ | ৩.৫০০ | ৪৪০০০০ | ৪৪.০০০ |

(২) ২০১১-১২ বর্ষে সংস্থার খামারে সিডলিং টিউবার উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ

| ক্রমিক নং | খামারের নাম | জমি (একরে) | উৎপাদন (মে.টনে) |
|---|---|---|---|
| ১ | ডোমার | ৩.০০০ | ৩০.০০০ |
| ২ | আমলা | ০.৫০০ | ৫.০০০ |
| | মোট ঃ | ৩.৫০০ | ৩৫.০০০ |

(৩) ২০১১-১২ বর্ষে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) পিপি অনুযায়ী বিদেশ থেকে ৯৫ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী অনুমোদন ঃ

| ক্রমিক নং . | জাত | পরিমাণ (মে.টনে) |
|---|---|---|
| ১ | এস্টারিক্স | ৭৫ |
| ২ | কারেজ | ১০ |
| ৩ | লেডিরোসেটা | ৫ |
| ৪ | মেরিডিয়িান | ২ |
| ৫ | সাগিতা | ৩ |
| | মোট ঃ | ৯৫ |

(মুসতাক আহমেদ)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মুহাঃ আজহারুল ইসলাম)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ শাহ্ আলম)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

Attention : GM (Seed)

পরিশিষ্ট-১৮

কৃষিই সমৃদ্ধি


কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

অফিস ফোন: ৯২৫২৫৩৪
পিএবিএক্স নং: ৯২৬১৫০১-৫ ext. ৩২১
ইমেল : dtcrc@bdonline.com


স্মারক নং-কফ/গবে-১১/৭০ তারিখ- ২৭/৭/১১

বরাবর
সদস্য-সচিব
সীড প্রমোশন কমিটি, কৃষি মন্ত্রণালয়
ও
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০

বিষয়ঃ ২০১১-১২ সালে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই-এর আলু বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০১১-১২ সালে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর কর্তৃক বীজ আলু উৎপাদনের লক্ষ্যমাত্রা নিম্নে প্রদান করা হলো।

| ক্রমিক নং | জাতের নাম | বিডার সীড পরিমান (টন) | ফাউন্ডেশন সীড পরিমান (টন) |
|---|---|---|---|
| ১. | বারি আলু ৫ (পেট্রোনিস) | - | ৫ |
| ২. | বারি আলু-৭ (ডায়ামন্ট) | ১৩০ | ৩০০ |
| ৩. | বারি আলু-৮ (কার্ডিনাল) | ৬৫ | ১৭৫ |
| ৪. | বারি আলু-১৩ (গ্রানোলা) | ৫০ | ১০০ |
| ৫. | বারি আলু-১৭ (রাজা) | ৩ | - |
| ৬. | বারি আলু-২১ (প্রোভেন্টো) | ২ | - |
| ৭. | বারি আলু-২৫ (এসটারিক্স) | ১৫ | ১২৫ |
| ৮. | বারি আলু-২৬ (ফেলসিনা) | ৫ | - |
| ৯. | বারি আলু-২৮ (লেডি রোসেটা) | ৫ | - |
| ১০. | বারি আলু-২৯ (কারেজ) | ৫ | ১৫ |
| | মোট ঃ | ২৮০ টন | ৭২০ টন |

- বারি টিপিএস- ১৩২ - সিডলিং টিউবার ৫ টন
- বারি টিপিএস ১০৫ - প্রকৃত বীজ ৮ কেজি

২৭/৭/১১

(ড. কামাল হুমায়ূন কবীর)
পরিচালক

E:\Suraya\Seed.doc-3

পরিশিষ্ট-১৮

Attention : GM (Seed)

কৃষিই সমৃদ্ধি


কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

অফিস ফোন: ৯২৫২৫৩৪
পিএবিএক্স নং: ৯২৬১৫০১-৫ ext. ৩২১
ইমেল : dtcrc@bdonline.com


স্মারক নং-কফ/গাবে-১১/৭০ তারিখ- ২৭/৭/১১

বরাবর
সদস্য-সচিব
সীড প্রমোশন কমিটি, কৃষি মন্ত্রণালয়
ও
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি
৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০

বিষয়: ২০১১-১২ সালে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই-এর আলু বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০১১-১২ সালে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর কর্তৃক বীজ আলু উৎপাদনের লক্ষ্যমাত্রা নিম্নে প্রদান করা হলো।

| ক্রমিক নং | জাতের নাম | বিডার সীড পরিমান (টন) | ফাউন্ডেশন সীড পরিমান (টন) |
|---|---|---|---|
| ১. | বারি আলু-৫ (পেট্রোনিস) | - | ৫ |
| ২. | বারি আলু-৭ (ডায়ামন্ট) | ১৩০ | ৩০০ |
| ৩. | বারি আলু-৮ (কার্ডিনাল) | ৬৫ | ১৭৫ |
| ৪. | বারি আলু-১৩ (গ্রানোলা) | ৫০ | ১০০ |
| ৫. | বারি আলু-১৭ (রাজা) | ৩ | - |
| ৬. | বারি আলু-২১ (প্রোভেন্টো) | ২ | - |
| ৭. | বারি আলু-২৫ (এসটারিক্স) | ১৫ | ১২৫ |
| ৮. | বারি আলু-২৬ (ফেলসিনা) | ৫ | - |
| ৯. | বারি আলু-২৮ (লেডি রোসেটা) | ৫ | - |
| ১০. | বারি আলু-২৯ (কারেজ) | ৫ | ১৫ |
| | মোট : | ২৮০ টন | ৭২০ টন |

- বারি টিপিএস- ১৩২ - সিডলিং টিউবার ৫ টন
- বারি টিপিএস ১০৫ - প্রকৃত বীজ ৮ কেজি

২৭/৭/১১
(ড. কামাল হুমায়ুন কবীর)
পরিচালক

E:\Suraya\Seed.doc

FROM :CSO PLANNING FAX NO. :9252047 Aug. 02 2011 01:11AM P1

## ০৫/০৫/২০১০ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫২তম সভায় গৃহীত উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ডাল ও তৈল বীজ সংগ্রহের তথ্য

| বীজ ফসল | সীড প্রমোশন কমিটির সভায় গৃহীত উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | | | বিএডিসি কর্তৃক সংগৃহীত বীজ (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|
| | ভিত্তি | মানঘোষিত | মোট | ভিত্তি | মানঘোষিত | মোট |
| **ক) ডাল বীজ ফসল** | | | | | | |
| ১। মুগ | ৮০,০০০ | ৩২০,০০০ | ৪০০,০০০ | ৫৩,২৮১ | ৩৮১,১৬০ | ৪৩৪,৪৪১ |
| ২। মসুর | ৫৫,০০০ | ৩৮৫,০০০ | ৪৪০,০০০ | ৪৫,৬৯০ | ৪৫০,৩৮৮ | ৪৯৬,০৭৮ |
| ৩। মাসকলাই | ১১,০০০ | ১০২,০০০ | ১১৩,০০০ | ১০,৭৩৯ | ১৫০,৩৯১ | ১৬১,১৩০ |
| ৪। খেসারী | ২২,০০০ | ৭৩,০০০ | ৯৫,০০০ | ২৪,৭৩০ | ১২৪,১৮৪ | ১৪৮,৯১৪ |
| ৫। ছোলা | ২৮,০০০ | ৬০,০০০ | ৮৮,০০০ | ১৬,১৬৬ | ৫১,৩৬১ | ৬৭,৫২৭ |
| ৬। মটর | ২০,০০০ | ২৫,০০০ | ৪৫,০০০ | ১,৪০০ | ৫৭,৯৯৪ | ৫৯,৩৯৪ |
| ৭। ফেলন | ৪,০০০ | ৪০,০০০ | ৪৪,০০০ | ২৬,৩০০ | ৩২,৮০০ | ৫৯,১০০ |
| **মোট ডাল বীজ ঃ** | **২২০,০০০** | **১০০৫,০০০** | **১২২৫,০০০** | **১৭৮,৩০৬** | **১,২৪৮,২৭৮** | **১,৪২৬,৫৮৪** |
| **খ) তৈল বীজ ফসল** | | | | | | |
| ১। সরিষা | ৬৫,০০০ | ৬৭৩,০০০ | ৭৩৮,০০০ | ৩৮,৯২৮ | ৬৭৬,৫৮১ | ৭১৫,৫০৯ |
| ২। চীনাবাদাম | ১৫,০০০ | ১৩৫,০০০ | ১৫০,০০০ | ৫,৩০০ | ২০৪,৫০০ | ২০৯,৮০০ |
| ৩। সয়াবীন | ৮০,০০০ | ২৪০,০০০ | ৩২০,০০০ | ৫৪,৫১১ | ৭৪,১৭৪ | ১২৮,৬৮৫ |
| ৪। সূর্যমুখী | ২,০০০ | ১০,০০০ | ১২,০০০ | ১,২৮০ | ১,০৬৩ | ২,৩৪৩ |
| ৫। তিল | ২০,০০০ | ৩৫,০০০ | ৫৫,০০০ | ১,৬৩৮ | ৩৩,৮৫০ | ৩৫,৪৮৮ |
| **মোট তৈল বীজ ঃ** | **১৮২,০০০** | **১০৯৩,০০০** | **১২৭৫,০০০** | **১০১,৬৫৭** | **৯৯০,১৬৮** | **১,০৯১,৮২৫** |
| **সর্বমোট ঃ** | **৪০২,০০০** | **২০৯৮,০০০** | **২৫০০,০০০** | **২৭৯,৯৬৩** | **২,২৩৮,৪৪৬** | **২,৫১৮,৪০৯** |

(মুসতাক আহমেদ)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মুহাঃ আজহারুল ইসলাম)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ শাহ্ আলম)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-ঙ

# ২০১১-১২ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৫৭তম সভার কার্যবিবরণীর তথ্য

**২০১১-১২ বর্ষে আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন)**

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-১০ | ৩৬৮ | ২০০ | ১০৩২ | ১৬০০ |
| বিআর-১১ | ৩০৬ | ১৮০০ | ২৮৪৩ | ৪৯৪৯ |
| বিআর-২২ | ৪০ | ৫০ | ১৯১০ | ২০০০ |
| বিআর-২৩ | ৪২ | ১০০ | ২৭৫৮ | ২৯০০ |
| ব্রিধান-৩০ | ২৬৮ | ১০০ | ৯৪০ | ১৩০৮ |
| ব্রিধান-৩১ | ৮ | | ৯২ | ১০০ |
| ব্রিধান-৩২ | ১৬৮ | ৩৭৫ | ১৪৫৭ | ২০০০ |
| ব্রিধান-৩৩ | ১৭৪ | | ৯২৬ | ১১০০ |
| ব্রিধান-৩৪ | ৫০ | ৪০০ | ১৫৫০ | ২০০০ |
| ব্রিধান-৩৭ | ৫ | | ১৫০ | ১৫৫ |
| ব্রিধান-৩৮ | ১৬ | | ১৩৪ | ১৫০ |
| ব্রিধান-৩৯ | ২৬৬ | ১০০ | ৮০০ | ১১৬৬ |
| ব্রিধান-৪০ | ১৫১ | ৫০ | ১১৯৯ | ১৪০০ |
| ব্রিধান-৪১ | ৫৮ | | ৩৪২ | ৪০০ |
| ব্রিধান-৪৪ | ৩৫৭ | | ১৩০ | ৪৮৭ |
| ব্রিধান-৪৬ | ১৮০ | | ২২০ | ৪০০ |
| ব্রিধান-৪৯ | ৪৮০ | ৪৫০ | ৪০৭০ | ৫০০০ |
| ব্রিধান-৫১ | ১৫ | | ৮৫ | ১০০ |
| ব্রিধান-৫২ | ১৫ | | ৮৫ | ১০০ |
| বিনাশাইল | ৫ | | ৮০ | ৮৫ |
| নাঃ শাইল | ১০ | | ১২০ | ১৩০ |
| বিনাধান-৭ | ৫৬০ | ৬০০ | ২৮৪০ | ৪০০০ |
| বিইউ ধান-১ | ১০০ | | | ১০০ |
| মোট ঃ | ৩৬৪২ | ৪২২৫ | ২৩৭৬৩ | ৩১৬৩০ |

**২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মানঘোষিত আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা**

| জাত | পরিমাণ (মে.টন) |
|---|---|
| বিআর-২২ | ১০০ |
| বিআর-২৩ | ১৪০০ |
| ব্রিধান-৩০ | ৫৫০ |
| ব্রিধান-৩২ | ১৫০ |
| ব্রিধান-৪০ | ৩৫০ |
| ব্রিধান-৪১ | ৫০ |
| ব্রিধান-৪৬ | ২০০ |
| বিনাশাইল | ৮০ |
| নাঃ শাইল | ১২০ |
| মোট ঃ | ৩০০০ |

**২০১১-১২ বর্ষে আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ (মে.টন)**

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-১০ | ৩৬৮ | ২০০ | ৪৩২ | ১০০০ |
| বিআর-১১ | ৩০৬ | ১৮০০ | ২৬৭৯ | ৪৭৮৫ |
| বিআর-২২ | ৪০ | ৫০ | ১২১০ | ১৩০০ |
| বিআর-২৩ | ৪২ | ১০০ | ২০৫৮ | ২২০০ |
| ব্রিধান-৩০ | ২৬৮ | ১০০ | ৩৩২ | ৭০০ |
| ব্রিধান-৩১ | ৮ | | ৪২ | ৫০ |
| ব্রিধান-৩২ | ১৬৮ | ৩৭৫ | ১২৫৭ | ১৮০০ |
| ব্রিধান-৩৩ | ১৭৪ | | ৫২৬ | ৭০০ |
| ব্রিধান-৩৪ | ৫০ | ৪০০ | ৫০ | ৫০০ |
| ব্রিধান-৩৭ | ৫ | | ৪৫ | ৫০ |
| ব্রিধান-৩৮ | ১৬ | | ৩৪ | ৫০ |
| ব্রিধান-৩৯ | ২৬৬ | ১০০ | ৩৩৪ | ৭০০ |
| ব্রিধান-৪০ | ১৫১ | ৫০ | ১৯৯ | ৪০০ |
| ব্রিধান-৪১ | ৫৮ | | ৩৪২ | ৪০০ |
| ব্রিধান-৪৪ | ৩৫৭ | | ৯৩ | ৪৫০ |
| ব্রিধান-৪৬ | ১৮০ | | ২০ | ২০০ |
| ব্রিধান-৪৯ | ৪৮০ | ৪৫০ | ৩২৭০ | ৪২০০ |
| ব্রিধান-৫১ | ১৫ | | ৮৫ | ১০০ |
| ব্রিধান-৫২ | ১৫ | | ৮৫ | ১০০ |
| বিনাশাইল | ৫ | | ৮০ | ৮৫ |
| নাঃ শাইল | ১০ | | ১২০ | ১৩০ |
| বিনাধান-৭ | ৫৬০ | ৬০০ | ৮৪০ | ২০০০ |
| বিইউ ধান-১ | ১০০ | | | ১০০ |
| মোট ঃ | ৩৬৪২ | ৪২২৫ | ১৪১৩৩ | ২২০০০ |

**২০১১-১২ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মানঘোষিত আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ**

| জাত | পরিমাণ (মে.টন) |
|---|---|
| বিআর-২২ | ১০০ |
| বিআর-২৩ | ১২০০ |
| ব্রিধান-৩০ | ১৮০ |
| ব্রিধান-৩২ | ১৫০ |
| ব্রিধান-৪০ | ১০০ |
| ব্রিধান-৪১ | ৫০ |
| ব্রিধান-৪৬ | ২০ |
| বিনাশাইল | ৮০ |
| নাঃ শাইল | ১২০ |
| মোট ঃ | ২০০০ |

২৪/৮/২০১১
(মুসতাক আহমেদ)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

২৪/৮/২০১১
(মুহাঃ আজিহারুল ইসলাম)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

২৪/৮/১১
(মোঃ শাহ্ আলম)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট- 'চ'

# কৃষি মন্ত্রণালয়ে ০৮/০৮/২০১১ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫৭তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

স্থান ঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৫১২, ভবন নং ০৪), বাংলাদেশ সচিবালয় সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থার নাম | মোবাইল নং/ ইমেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | Md. Nuruzzaman<br>Member Director | BADC | 9559373 | [signature] 8/8/11 |
| ২ | Md. Shah Alam<br>GM (Seed) | BADC | 01712066126 | [signature] 08/08/11 |
| ৩ | Md. Shahjahan Ali | Seed Federation of Bangladesh / BSA | 01730013391<br>alliedmsali@yahoo.com | [signature] 8/8/2011 |
| ৪ | Anwarul Azim | S.F.B/BSA | 01552-448748 | [signature] |
| ৫ | A.T.M. Rafiqul Islam<br>Program Director | BMDA<br>Rajshahi | 01712701716 | [signature] 8.8.11 |
| ৬ | Md. Nurul Hoque<br>P.D. | BADC<br>Dhaka | 01742304249 | [signature] 8.8.11 |
| ৭ | মো: নজরুল ইসলাম | কৃষি তথ্য সার্ভিস | ৯১১২২৫০<br>০১৭১৫৫০১৮২১<br>dirais@ais.gov.bd | [signature] |
| ৮ | ড. মো: আবদুস ছাত্তার<br>পরিচালক (গবেষণা) | বিনা,<br>ময়মনসিংহ | ০১৭১১ ৯৬৮২৯০<br>dirresearch@bttb.bd.net | [signature] 8/8/11 |
| ৯ | মুহা: আজহারুল ইসলাম<br>[illegible] ([illegible]) | বিএডিসি<br>কৃষিভবন, ঢাকা | ০১৭১২-৪৪৮২২১ | [signature] [illegible] |
| ১০ | মোহাম্মদ জসিম উদ্দিন<br>প্রকল্প পরিচালক | ডাল ও তৈলবীজ<br>বিএডিসি, ঢাকা | ০১৫৫২৬৪৮৯০৬ | [signature] ৮/৮/১১ |
| ১১ | ইঞ্জি: আবু তাহের<br>পরিচালক (বীজ) | বীজ প্রত্যয়ন এজেন্সি | ০১১৯১৬৬৭৯৬২ | [signature] ৮/৮/১১ |
| ১২ | এম এম রশিদ<br>CST | SCA | 01678054999<br>bmrashid59@yahoo.com | [signature] 08/08/11 |

E:\Seed Promotion Commitee\Seed_Promotion\Attendance.doc

| নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থার নাম | মোবাইল নং/ ইমেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩ | মো: আজিজুল হক<br>উপ-পরিচালক (বীজ/মান) | বিএডিসি | ০১৭১১৯৮০২৮৭ | [signature] ৮/৮/১১ |
| ১৪ | এ এইচ এম মনিরুজ্জামান<br>অতি: [illegible] ([illegible]) | বিএডিসি | ০১৭১২০৮৮১৮৬ | [signature] ৮/৮/১১ |
| ১৫ | মো: মতিউর রহমান<br>যুগ্ম পরিচালক (বীজ বিপণন) | বিএডিসি | ০১৭১২-৫৯৯৭৮৯ | [signature] ৮/৮/১১ |
| ১৬ | ড. মো: রেজাউল করিম<br>উপ পরিচালক ([illegible])<br>[illegible], বিএডিসি | বিএডিসি | ০১৭১৬২০১০৮১ | [signature] ৮/৮/১১ |
| ১৭ | ড. মো: নাজমুল ইসলাম<br>উপ-পরিচালক ([illegible]) | বিএডিসি | ০১৭১১-৮৪৬০৩২ | [signature] ০৮/০৮/১১ |
| ১৮ | মো: মুকছেদুর রহমান<br>সং: নির্বাহী প্রকৌশলী [illegible] | বিএডি [illegible] | 01816719739 | [signature] |
| ১৯ | ড. মো: মাহবুবুল হক<br>অধ্যাপক, কৃষিতত্ত্ব বিভাগ | বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়<br>গাজীপুর | 01711-908640 | [signature] |
| ২০ | মো: [illegible]<br>[illegible] পরিচালক<br>(বাস্তবায়ন) | [illegible] | 01714640373 | [signature] |
| ২১ | ড. মো: [illegible]<br>পরিচালক ([illegible]) | [illegible] | 01711-283982 | [signature] ৮/৮/১১ |
| ২২ | ড. মুহাম্মদ হোসেন<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | বিএআরআই | ০১৭১৫৩৬৬৬৭১ | [signature] ৮/৮/১১ |
| ২৩ | ড. মো: আব্দুল [illegible]<br>[illegible] | [illegible] | ০১৭১০ ২৬০৮৮০ | [signature] ৮/৮/১১ |
| ২৪ | মুসতাক আহমেদ<br>উপ ব্যবস্থাপক | বিএডিসি | ০১৭১৩৭৭৫৫৩৯<br>e-mail: mustaqbadc@gmail.com | [signature] ০৮/০৮/২০১১ |
| ২৫ | | | | |